



প্রেস বিজ্ঞপ্তি

**“সোচ্চার হও, নীরবতা ভাঙো- লিঙ্গ ভিত্তিক সহিংসতা: বর্তমান অবস্থা ও উত্তরণের
উপায়” শীর্ষক বিশ্ববিদ্যালয় সংলাপ অনুষ্ঠিত**

গত ২৩ মার্চ, ২০১৭ তারিখ বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এবং সেন্টার ফর জেন্ডার অ্যান্ড সেক্সুয়াল রিপ্ৰোডাক্টিভ হেল্থ এন্ড রাইটস (সিজিএসআরএইচআর), জেমস পি. গ্রান্ট স্কুল অব পাবলিক হেল্থ, ব্র্যাক বিশ্ববিদ্যালয় যৌথ ভাবে ব্র্যাক বিশ্ববিদ্যালয় মিলনায়তনে “সোচ্চার হও, নীরবতা ভাঙো- লিঙ্গ ভিত্তিক সহিংসতা: বর্তমান অবস্থা ও উত্তরণের উপায়” শীর্ষক বিশ্ববিদ্যালয়ে সংলাপ এর আয়োজন করে।

ব্যক্তিগত সম্পর্ক বা বিয়ের ক্ষেত্রে সিদ্ধান্ত ও সম্মতির অধিকার, বাল্যবিয়ে নিরোধ, সহিংসতা, নির্যাতনের বিরুদ্ধে অনলাইন এবং অফলাইনে প্রতিবাদ ও প্রতিরোধের অধিকার সংক্রান্ত মত প্রকাশের স্বাধীনতা এবং সীমাবদ্ধতা নিয়ে তরুণ-তরুণীদের মধ্যে সচেতনতা তৈরির লক্ষ্যে এই সংলাপের আয়োজন করা হয়। এ সংক্রান্ত আলোচনাকে আরো তরাস্থিত করার জন্য, আয়োজক দুই সংস্থার যৌথভাবে আয়োজিত “জীবনের গল্পে সিনেমা বানাই” শীর্ষক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র প্রতিযোগিতায় পুরস্কার প্রাপ্ত তিনটি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র- “কসমিক স্টোরি”, “শিউলি কথা” এবং “আনটোল্ড” প্রদর্শিত হয়।

উক্ত সংলাপে উন্মুক্ত আলোচনায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, ড. আজীম, প্রফেসর, ব্র্যাক বিশ্ববিদ্যালয়; ফাতেমা সুলতানা শুভ্রা, সহকারী প্রফেসর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়; শিরিন হক, সদস্য নারীপক্ষ; ইব্রাহিম খলিল, প্রযোজক, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র- কসমিক স্টোরি; আরাউদ্দিন আহমেদ রানা, গল্প লেখক এবং অভিনেতা, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র- শিউলি কথা। সংলাপে উদ্বোধনী বক্তব্য প্রদান করেন ড: সাবিনা ফাইজ রাশিদ, প্রফেসর এবং ডীন, জেমস পি. গ্রান্ট স্কুল অব পাবলিক হেল্থ, ব্র্যাক বিশ্ববিদ্যালয়।

সংলাপটি সঞ্চালনা করেন, ব্লাস্টের অনারারী নির্বাহী পরিচালক ব্যারিস্টার সারা হোসেন। এই সংলাপে গবেষক, মানবাধিকারকর্মী, বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীসহ বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd